

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ০৫/০৯/২০২০খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

বর্তমানে শীত মৌসুম। এ বছর এ মৌসুমে প্রচুর শাক-সবজি উৎপাদন হয়েছে। সেজন্য মেহেরপুর বড় বাজার ও হোটেল বাজার এর কাঁচাবাজারে বিভিন্ন ধরনের প্রচুর শাকসবজি আমদানী হচ্ছে। তার পরেও পিয়াজ, টমেটো, নতুন গোল আলু, মূল্য কোন ক্রমেই বৃদ্ধি রোধ করা সম্ভব হচ্ছেনা। আমাদের আরও লক্ষ্য রাখতে হবে যে, চাষীরা যাতে শাকসবজির নায্যমূল্য পায়, আড়ৎদার ব্যবসায়ীরা যাতে কমমূল্যে ক্রয় করে ব্যাপারীদের নিকট অধিকমূল্যে বিক্রয় না করে এজন্য বর্তমানে সপ্তাহে কমপক্ষে দুইদিন বাজার মূল্য নিয়ন্ত্রনের লক্ষে মনিটরিং করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনান্তে স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে বড় বাজার ও হোটেল বাজার এর কাঁচা বাজারে সপ্তাহে দুদিন মনিটরিং করার দায়িত্ব অর্পণ করা হলো।

সভায় জনাব মোঃ সোহেল রানা কাউন্সিলর মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, মেহেরপুর বড় বাজার ও হোটেল বাজার এর কাঁচা বাজারে প্রচুর সবজি আমদানী হওয়ার কারণে বাজারের মধ্যে এবং প্রবেশ পথে অতিরিক্ত সবজি ও ময়লা আবর্জনা পড়ে থেকে দুর্গন্ধের সৃষ্টি করে যার ফলে ব্যবসায়ী, ক্রেতা ও চাষীদের বাজারে আসতে দারুন অসুবিধার সম্মুখীন হতে হয়। উক্ত বাজারে যাতে সকলের চলাচলে যাতে বিঘ্নের সৃষ্টি সহ পরিবেশ দূষিত না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর প্রত্যহ ২বার ময়লা আবর্জনা গার্বেজ ট্রাক দ্বারা অপসারণ করে নেয়ার জন্য কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে দায়িত্ব অর্পণ করা হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rahel
24.11.2020

(মোঃ শাকিল রাব্বী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। মেয়র, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব হামিদা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৩। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৪। জনাব সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।



মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।
পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ২৪/১১/২০২০খ্রিঃ

সময় : ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	
০২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৩	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৪	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	